দৈনিক সংবাদ

তারিখ ... 19 MAY 1991 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

20

## ক্যাম্পাসকে অস্ত্রমুক্ত করার অঙ্গীকার

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সকল হলের প্রভোস্ট, ছাত্রঐক্য, ডাকসু নেতৃবৃন্দ এবং প্রক্টর ও সহকারী প্রক্টরদের সভায় গত বুধবার থেকে ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী কার্যকলাপ নিয়ে আলোচনা হয়।

সভায় ক্যাম্পাসে সন্ত্রাসী কার্য-

ক্যাম্পাস ঃ পৃঃ ৭ কঃ ৫

## ক্যাম্পাস ঃ অস্ত্রমুক্ত করার অঙ্গীকার

(১ম পাতার পর)

কলাপ রোধে সবাই বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করার অংগীকার করেন এবং এ ব্যাপারে ছাত্র সংগঠনগুলো সাংগঠনিকভাবে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবে বলে প্রতিশ্রুতি দেয়া হয়।

সভায় অস্ত্র উদ্ধারে আইন প্রয়োগকারী সংস্থা নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করবে বলে আশা প্রকাশ করা হয়। কোন ছাত্র সংগঠন বহিরাগত ও অস্ত্রধারীদের আশ্রয় দেবে না বলে প্রতিশ্রুতি দেয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।